

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইন্সট্রাক্টরের কার্যালয়
উপজেলা রিসোর্স সেন্টার
করিমগঞ্জ, কিশোরগঞ্জ।

স্মারক নং-ইউআরসি/করিম/কিশোর/৩৩

তারিখঃ ২৯/০৯/২০২২ খ্রি:।

বিষয়ঃ গণিত অলিম্পিয়াড কৌশল ব্যবহার করে বিষয়ভিত্তিক গণিত প্রশিক্ষণে প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী ডেপুটেশন প্রসঙ্গে।

সূত্রঃ ৩৮.০১.০০০০.৬০০.২৫.২৯.১৯-৫১০ তারিখ : ২৬ সেপ্টেম্বর ২০২২


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি-৪) এর আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা রিসোর্স সেন্টার, করিমগঞ্জ, কিশোরগঞ্জ এ ০৬ (ছয়) দিন ব্যাপি গণিত অলিম্পিয়াড কৌশল ব্যবহার করে বিষয়ভিত্তিক গণিত প্রশিক্ষণ নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ক্রমিক নং	ব্যাচনং	সময়কাল	মন্তব্য
০১	১ম	০১/১০/২০২২-০৭/১০/২০২২	৫ অক্টোবর দুর্গাপূজা উপলক্ষে প্রশিক্ষণ বন্ধ থাকবে।
০২	২য়	০৮/১০/২০২২-১৪/১০/২০২২	৯ অক্টোবর ঈদ-ই-মিলাদুন্নবী (সা:) উপলক্ষে প্রশিক্ষণ বন্ধ থাকবে।
০৩	৩য়	১৫/১০/২০২২-২০/১০/২০২২	
০৪	৪র্থ	২১/১০/২০২২-২৬/১০/২০২২	

উক্ত প্রশিক্ষণে নীতিমালা অনুযায়ী প্রতি ব্যাচে সংশ্লিষ্ট বিষয়ে টট প্রাপ্ত (থ্রেড বি বা তদুর্ধ্ব) ২ জন প্রশিক্ষক এবং ৩০ জন গণিত বিষয়ে পাঠদানকারী শিক্ষককে প্রশিক্ষণার্থী হিসেবে ডেপুটেশন প্রদান করার জন্য অনুরোধ করা হলো। গণিত অলিম্পিয়াড কৌশল ব্যবহার করে বিষয়ভিত্তিক গণিত প্রশিক্ষণটি সম্পূর্ণ নতুন তাই প্রশিক্ষণার্থী মনোনয়নের সময় অপেক্ষাকৃত নবীন ও যারা ইতোপূর্বে কোন প্রশিক্ষণ পাননি এমন শিক্ষকগণ অগ্রাধিকার পাবেন। এছাড়া ২০২১-২০২২ অর্থ বছরের পূর্বে যে সকল শিক্ষক বিষয়ভিত্তিক গণিত প্রশিক্ষণ পেয়েছেন তাঁরাও এ প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন। প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী মনোনয়নে বয়স অনূর্ধ্ব ৫৫ বছর হতে হবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ শুরুর পূর্বেই তাঁর কোভিড-১৯ টিকাদান কার্ড ও ইতোপূর্বে এ প্রশিক্ষণ গ্রহণ করেননি মর্মে অঙ্গীকারনামা ইউআরসিতে জমা দিতে হবে। কোন অবস্থাতেই একজন শিক্ষক একাধিকবার উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না এবং একই বিদ্যালয় থেকে একই ব্যাচে একাধিক শিক্ষক ডেপুটেশন দেয়া যাবে না এবং ডিপিএড প্রশিক্ষণ কোর্সে ডেপুটেশন প্রাপ্ত শিক্ষক এ প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবে না।

উল্লেখ্য যে, প্রতিদিন সকাল ৯.০০ টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত প্রশিক্ষণ পরিচালিত হবে। প্রশিক্ষণার্থীদের সকাল ৮.৩০ ঘটিকায় প্রশিক্ষণ ভেন্যুতে স্বাস্থ্যবিধি/SOP অনুসরণ করে উপস্থিত হয়ে রেজিস্ট্রেশন করবেন।

সংযুক্তি : নীতিমালা ২ পাতা।


(মোহাম্মদ আসাদুজ্জামান)
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
করিমগঞ্জ, কিশোরগঞ্জ।

প্রাপক :


উপজেলা শিক্ষা অফিসার
করিমগঞ্জ, কিশোরগঞ্জ।

স্মারক নং-ইউআরসি/করিম/কিশোর/৩৩(০৪)

তারিখঃ ২৯/০৯/২০২২ খ্রি:।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল।

- ১। পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। বিভাগীয় উপ পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ।
- ৪। সুপারিনটেন্ডেন্ট, পিটিআই, কিশোরগঞ্জ।
- ৫। অফিস কপি।


(মোহাম্মদ আসাদুজ্জামান)
ইন্সট্রাক্টর